**নাম: মো: আবদুর গনি**

**জন্ম তারিখ: ২১ অক্টোবর, ১৯৮৯**

**শহীদ হওয়ার তারিখ: ৪ আগস্ট, ২০২৪**

**ব্যক্তিগত তথ্য:**

পেশা : চাকরিজীবী,
শাহাদাতের স্থান : বাংলামটর, ঢাকা

## শহীদের জীবনী

শহীদ মো: আবদুর গনির জন্ম ফেনী জেলার সোনাগাজী থানার মনগাজী গ্রামে ১৯৮৮ সালের ২১ জানুয়ারি।পিতা মাও: আহসান উল্লাহ, মাতা শামসুন নাহার। বর্তমানে শহীদের পিতা-মাতা একজনও বেঁচে নেই।৩ ভাই ও একজন বোন রয়েছেন।শহীদ আবদুল গণির পরিবারে তার স্ত্রী ছাড়া কেউ নেই। মাদরাসা ব্যাকগ্রাউন্ডের ছাত্র ছিলেন আবদুল গণি।ফাযিল শেষে যোগ দেন সন্ধানী লাইফ ইনসুরেন্সে।পাশাপাশি ভর্তি ছিলেন কামিল ১ম সেমিস্টারে।ব্যক্তি জীবনে অসম্ভব ভালো মনের মানুষ ছিলেন তিনি।

শহীদের অর্থনৈতিক অবস্থা
পরিবারের একমাত্র উপার্জনক্ষম ব্যক্তি শহীদ মো: আবদুর গনি সন্ধানী লাইফ ইনসুরেন্সে কর্মরত ছিলেন।১১ মাস হল বিয়ে করেছেন আয়েশা আক্তারকে।স্ত্রী আয়েশা ছিলেন একজন গৃহিণী।স্বামীর মৃত্যুতে নব্য বিবাহিতা দিশেহারা হয়ে পড়েছেন, মানসিক ভাবে ভেঙে পড়েছেন।
শহীদী মৃত্যুর প্রেক্ষাপট
৪ আগস্ট ২০২৪।এই দিনটিকে সারাদেশ তখন '৩৫ জুলাই,২০২৪' বলেই জানত।রোজ রবিবার।সময় দুপুর ৩ টা ৩০ মিনিট।বৈষম্যবিরোধী ছাত্রদের আহ্বানে দেশব্যাপী চলছে অসহযোগ আন্দোলন, চলছে বিক্ষোভ- মিছিল।আন্দোলন চরম মাত্রা ধারণ করেছে।জায়গায় জায়গায় পুলিশের সাথে সংঘর্ষে প্রায় ২১ জনের মত ততক্ষণে মারা গিয়েছেন।আবার সন্ধ্যা ৬ টা থেকে অনির্দিষ্টকালের জন্য কারফিউ জারি করেছে সরকার।পরিবেশ থমথমে।
শহীদ আবদুর গনি অফিস থেকে বের হয়ে ঢাকার বাংলামটরে আন্দোলনে যোগ দেন।মিছিলের একদম সামনে ছিলেন তিনি।এই সময় নিরীহ জনগণের উপর নির্বিচারে গুলি চালায় পুলিশ।পুলিশের দুটি গুলি এসে তার গায়ে লাগে- একটা বুকে, আরেকটা ঘাড়ে।মুহূর্তেই মাটিতে লুটিয়ে পড়েন তিনি এবং শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

এক নজরে শহীদের ব্যক্তিগত তথ্যাবলি
নাম : মো: আবদুর গনি
জন্ম তারিখ : ২১ জানুয়ারি ১৯৮৯
পেশা : চাকরিজীবী
বর্তমান ও স্থায়ী ঠিকানা : গ্রাম: মনগাজী, ইউনিয়ন : ৩নং ওয়ার্ড, থানা: সোনাগাজী, জেলা: ফেনী
পিতার নাম : মো: আহসান উল্লাহ
মাতার নাম : সামছুন নাহার
ঘটনার স্থান : বাংলামটর, ঢাকা
আক্রমনকারী : পুলিশ
আহত হওয়ার সময়কাল : তারিখ : ০৪ আগস্ট ২০২৪ , সময়: দুপুর ০৩:৩০
মৃত্যুর তারিখ ও সময় স্থান : তারিখ : ০৪ আগস্ট ২০২৪, সময়: দুপুর ০৩:৩০ ঘটনাস্থলে